# বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বাঃ মঃ উঃ কঃ

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪

ওয়েব সাইট: www.bfdc.gov.bd ই-মেইল: bfdc_64@yahoo.com ফ্যাক্স: ০২-৯১৪২৪৮৮


পত্র নং ৩৩.০৩.০০০০.১০৪.০৬.০৯৬.১৮/১৮১ তারিখঃ ২৬-০২-২০১৯ খ্রিঃ

## "স্থানীয় দরপত্র বিজ্ঞপ্তি"

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের বেসমেন্ট, নীচতলা, ৫ম ও ৬ষ্ঠ তলায় অগ্নি নির্বাপণ যন্ত্রাংশ স্থাপনের নিমিত্ত অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহের নিকট হতে এতদ্দ্বারা সীল মোহরকৃত মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র আগামী ১০-০৩-২০১৯ খ্রিঃ তারিখ বেলা-১১.০০ ঘটিকার মধ্যে অত্র কর্পোরেশনের প্রধান কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে/নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে, সরাসরি/ডাকযোগে দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ১১.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ পরীক্ষা এবং মূল্যায়ন করা হবে। দরপত্র দাখিলের সুবিধার্থে বর্ণিত অগ্নি নির্বাপন যন্ত্রাংশের বিবরণসহ দরপত্রের শর্তাবলী এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।

সংযুক্তিঃ- উক্তরুপ।

প্রয়োজনীয় ব্যবস্থা নিন

| | |
|---|---|
| উপ-সচিব | |
| পি, আর, ও | |
| সহকারী সচিব | |
| পি, এ, | |
| সচিব | |
| তারিখ | ২৭/২/১৯ |

(তাসলিমা বেগম)
ব্যবস্থাপক (ক্রয়)
বামউক, ঢাকা।

**বিতরণ-(সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) ঃ**

১। পরিচালক (অর্থ), বামউক, ঢাকা।

২। প্রকল্প পরিচালক, দেশের ০৩ টি উপকূলীয় জেলার ০৪ টি স্থানে আনুষঙ্গিক সুবিধাদিসহ মৎস্য অবতরণ কেন্দ্র স্থাপন, বামউক, ঢাকা।

৩। সচিব, বামউক, ঢাকা (দরপত্র বিজ্ঞপ্তিটি বামউক এর ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে)।

৪। ব্যবস্থাপক-বাস্তবায়ন/বিপণন, বামউক, ঢাকা।

৫। নিয়ন্ত্রক, হিসাব/অর্থ, বামউক, ঢাকা।

৬। সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), দেশের ০৩ টি উপকূলীয় জেলার ০৪ টি স্থানে আনুষঙ্গিক সুবিধাদিসহ মৎস্য অবতরণ কেন্দ্র স্থাপন, বামউক, ঢাকা।

৭। নোটিশ বোর্ড, বিএফডিসি/ঢাকা ওয়াসা/ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন/বিআরডিবি, ঢাকা।

৮। মেসার্স ........................................................

........................................................

........................................................

চলমান পাতা- ০২

# "স্থানীয় দরপত্র তফসিল"

বরাবর
ব্যবস্থাপক (ক্রয়)
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
প্রধান কার্যালয়, ২৩-২৪, কাওরান বাজার
তেজগাঁও, ঢাকা-১২১৫।

## অগ্নি নির্বাপন যন্ত্রাংশের বিবরণঃ

| ক্রঃ | মালামালের নাম | বিবরণ | পরিমান | দরদাতা কর্তৃক উদ্ধৃত দর | |
|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য | মোট মূল্য |
| ১। | আগুন নির্বাপন যন্ত্র (সিওটু) | ধারণ ক্ষমতা ৫ কেজি, নিট ওজন ১৭ কেজি, হেভি ডিউটি, কেমিক্যাল | ০৫ টি | | |
| ২। | আগুন নির্বাপন যন্ত্র ড্রাই কেমিক্যাল পাউডার। | ধারণ ক্ষমতা ৫ কেজি, নিট ওজন ৭ কেজি, হেভি ডিউটি, কেমিক্যাল | ০৭ টি | | |
| ৩। | আগুন নির্বাপন যন্ত্র ফায়ার ফোম। | ধারণ ক্ষমতা ১০ কেজি, নিট ওজন ১৩ কেজি, হেভি ডিউটি, কেমিক্যাল | ০১ টি | | |
| ৪। | আগুন নির্বাপন বালতি ও স্টেন্ড | ৪ টি বালতি ১ টি স্টেন্ড (এক সেট) | ০২ সেট | | |
| | | | | সর্বমোট (ভ্যাটসহ) | |

কথায়ঃ

১। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ

২। ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানা ঃ

৩। মোবাইল নং ঃ

৪। তারিখ ঃ

দরদাতার স্বাক্ষর ও তারিখ (সীলসহ)ঃ

চলমান পাতা-০৩

"দরপত্র এর শর্তাবলী"

১। দরপত্র সিডিউলে উদ্ধৃত দর অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। কোন প্রকার কাটা-কাটি/ঘষা-মাজা হলে দরপত্র সিডিউল সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। কেবলমাত্র বামউক এর সরবরাহকৃত দরপত্র সিডিউলেই দরপত্র দাখিল করা যাবে। দাখিলকৃত দরপত্রের প্রতি পাতায় দরদাতা কর্তৃক সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে।

৩। দরপত্রের সাথে দরদাতা/প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদ, হালনাগাদ ব্যাংক সলভেন্সি ও জাতীয় পরিচয়পত্রের কপি দাখিল করতে হবে। তাছাড়া পিপিআর-২০০৮ এর শর্তসমূহ প্রতিপালন পূর্বক অত্র কর্পোরেশনের প্রশাসনিক ও আর্থিক বিধি অনুযায়ী সকল কাজ সম্পাদন করতে হবে।

৪। সীলমোহরকৃত মুখ বন্ধ খামের উপর দরদাতা ও দর আহবানকারীর ঠিকানা লিখে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৫। চুড়ান্তভাবে উত্তীর্ণ দরদাতাকে কার্যাদেশ ইস্যুর ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে তফসিলে চাহিত মালামাল সরবরাহ করতে হবে এবং প্রত্যেকটি মালামালের বিবরণ, উৎপাদনের তারিখ ও মেয়াদ উত্তীণের তারিখ স্পষ্টভাবে লিপিবদ্ধ করে সরবরাহ দিতে হবে।

৬। সরবরাহকৃত অগ্নি নির্বাপন যন্ত্রাংশের কোন প্রকার ক্রুটি দেখা দিলে তা নিজ দায়িত্ব ও খরচে মেরামত করে দিবেন মর্মে নিজস্ব প্যাডে (আগুন নির্বাপক যন্ত্র ০৫ (পাঁচ) বছর, আগুন নির্বাপক যন্ত্র ড্রাই কেমিক্যাল পাউডার ০২ (দুই) বছর ও আগুন নির্বাপক যন্ত্র ফায়ার ফোম ০১ (এক) বছরের ওয়ারেন্টি পত্র দিতে হবে।

৭। নির্ধারিত সময়ের মধ্যে সিডিউলে বর্ণিত মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে বা কোন অনিয়ম পরিলক্ষিত হলে বামউক কর্তৃক প্রতিদিন ৫০০ (পাঁচশত) টাকা অথবা কার্যমূল্যের সর্বোচ্চ ১০% হারে জরিমানা আরোপ করা হবে।

৮। বিল পরিশোধের নিমিত্ত প্রত্যায়নকৃত ০৩ (তিন) প্রস্ত বিল দাখিল করতে হবে। দাখিলকৃত বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও অন্যান্য কর (যদি থাকে) কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে।

৯। শুধুমাত্র সর্বনিম্ন দরদাতা হলেই দরপত্র প্রাপ্তির নিশ্চয়তা প্রদানে বিবেচ্য হবে না। দরপত্রে উত্তীর্ণের জন্য সার্বিক দিক পর্যালোচনা করা হবে।

১০। অত্র দরপত্র শর্ত সমুহের সংযোজন-বিয়োজন, পরিবর্ধন, পরিমার্জন করা এবং প্রয়োজনে যে কোন নতুন শর্ত আরোপ করার ক্ষমতা বামউক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

দরদাতার স্বাক্ষর ও তারিখ (সীলসহ)